দৈনিক ইত্তেফাক



# ঘটনার ১৯ ঘন্ট পরও থানায় মামলা হয়নি

ইত্তেফাক রিপোর্ট ॥ তেজগাঁ কলেজের ছাত্র সংসদের জিএস ও ছাত্রলী নেতা সিদ্ধার্থ সরকার হত্যাকাণ্ডের ১৯ ঘং অতিবাহিত হওয়ার পর গতকাল সোমব বিকেল ৩টা পর্যন্ত বাড্ডা থানায় কোন মামলা দায়ের করা হয়নি। সিদ্ধার্থ সরকারের কোন আত্মীয়-স্বজন থানায় (২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## সিদ্ধার্থ সরকার হত্যাকাণ্ড

(১ম পৃঃ পর)

মামলা দিতে না আসায় এ বিলম্ব হচ্ছে বলে ডিউটি অফিসার এ এস আই ফরিদা জানান। এদিকে গতকাল ঢাকা মেডিক্যাল কলেজ মর্গে সিদ্ধার্থের লাশের ময়না তদন্ত সম্পন্ন হয়। বেলা ২টায় তার লাশ সৎকার করার জন্য আত্মীয়-স্বজন মর্গ থেকে নিয়ে যায়।

নিহত সিদ্ধার্থরা ৩ ভাই ও ৪ বোনের মধ্যে সে ৫ নম্বর। কেরানীগঞ্জ নাজিরেরবাগ এলাকার বাসিন্দা ভাগ্যেশ্বর সরকারের পুত্র। তারা বর্তমানে পুরাতন ঢাকার লক্ষীবাজার এলাকায় থাকে। গতকাল ছাত্রলীগ, আওয়ামী লীগ ও তার অঙ্গ সংগঠনের বিপুল সংখ্যক নেতা-কর্মী সিদ্ধার্থ সরকারের লাশ এক নজর দেখার জন্য মর্গ ও বাসায় ভিড় জমায়। তেজগাঁও কলেজে সিদ্ধার্থ সরকারের হত্যাকাণ্ড নিয়ে ছাত্রলীগ কর্মীদের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করছে।

### 'সরকারী দলের সন্ত্রাসীরা হত্যা করেছে'

আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি আব্দুস সামাদ আজাদ ও সাধারণ সম্পাদক জিল্লুর রহমান সোমবার এক যুক্ত বিবৃতিতে সিদ্ধার্থ সরকারের হত্যাকাণ্ডের নিন্দা ও প্রতিবাদ জানিয়ে এই হত্যাকাণ্ডের জন্য সরকারী দলের সশস্ত্র সন্ত্রাসীদের দায়ী করেছেন। তারা বলেন, সুপরিকল্পিতভাবে ক্ষমতাসীন সরকার অব্যাহতভাবে আওয়ামী লীগ এবং তার অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মী ও সমর্থকদের হত্যা করার মধ্য দিয়ে আওয়ামী লীগকে নিশ্চিহ্ন করার গভীর ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। জাতীয় সংসদে বিরোধী দলীয় উপনেতা আব্দুল হামিদ এডভোকেটও অপর এক বিবৃতিতে সিদ্ধার্থ সরকারের হত্যাকাণ্ডের নিন্দা জানিয়ে অভিন্ন মত প্রকাশ করেছেন।

### ছাত্রলীগের বিক্ষোভ সমাবেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, সিদ্ধার্থ সরকারের হত্যাকাণ্ডের প্রতিবাদে ছাত্রলীগের উদ্যোগে গতকাল নগরীতে বিক্ষোভ সমাবেশ করা হয়। বঙ্গবন্ধু এভিনিউ থেকে ছাত্রলীগের মিছিল শুরু হয়ে পল্টন মোড়, জিপিও প্রদক্ষিণ করে পুনরায় বঙ্গবন্ধু এভিনিউতে এসে শেষ হয়। সমাবেশে ভারপ্রাপ্ত সভাপতি মারুফা আক্তার পপির সভাপতিত্বে সংগঠনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সাইফুজ্জামান শিখর, বলরাম পোদ্দার, আশরাফুল আজিম রুবন, পনিরুজ্জামান তরুন, অলক বণিক, এম সাইফুল্লাহ সাইফুল প্রমুখ বক্তব্য রাখেন। সিদ্ধার্থ হত্যাকাণ্ডের প্রতিবাদে